

# দীর্ঘমেয়াদি জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি(আই ইউ ডি, ইমপ্ল্যান্ট)

সেবা প্রাপ্তির সংক্ষিপ্ত বিবরণ	প্রশিক্ষিত সার্জন ইমপ্ল্যান্ট সেবা দিয়ে থাকেন। সেবা গ্রহীতার রেজিস্ট্রেশন করা হয়। সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় শারীরিক পরীক্ষা-নিরীক্ষা করে আইইউডি ও ইমপ্ল্যান্ট সেবা প্রদান করা হয়। সেবা গ্রহীতাকে সেবা প্রদানপূর্বক ফলো-আপের পরামর্শ দিয়ে বাড়ি যেতে দেওয়া হয়
সেবা প্রাপ্তির সময়	১ঘণ্টা
প্রয়োজনীয় ফি	বিনামূল্যে এ সকল সেবা প্রদান করা হয়। তাছাড়া কপারটিও ইমপ্ল্যান্টের ক্ষেত্রে ক্লায়েন্টকে যথাক্রমে ১৬০ ও ১৫০ টাকা যাতায়াত ভাতা হিসেবে প্রদান করা হয়।
সেবা প্রাপ্তির স্থান	১. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ২. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/আর ডি ৩. মা ও শিশু কল্যাণ কেন্দ্র ৪. MFSTC ৫. MCHTI ৬. মেডিকেল কলেজ হাসপাতালের মডেল ক্লিনিক ৭. বেসরকারি সংস্থার ক্লিনিক
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	১. মেডিকেল অফিসার (ক্লিনিক) ২. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) ৩. সহকারী সার্জন/মেডিকেল অফিসার ৪. পরিবার কল্যাণ পরিদর্শিকা ৫. বেসরকারি সংস্থার প্যারামেডিক
প্রয়োজনীয় কাগজপত্র	জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ/নাগরিকত্ব সনদ
সেবা প্রাপ্তির শর্তাবলি	আইইউডি ও ইমপ্ল্যান্ট ক্ষেত্রে কমপক্ষে একটি সন্তান থাকতে হবে। পরিবার পরিকল্পনা ম্যানুয়াল, ২০১২
সংশ্লিষ্ট আইন ও বিধি	এ ক্ষেত্রে জটিলতার জন্য নীতিমালা অনুযায়ী যাবতীয় ব্যয়ভার সরকার বহন করে।
সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা	পরিবার কল্যাণ পরিদর্শিকা ও পরিবার কল্যাণ সহকারীর ক্ষেত্রে যথাক্রমে মেডিকেল অফিসার এমসিএইচ (এফপি)/উপজেলা পঃ পঃ অফিসার। অন্যান্য ক্ষেত্রে উপ-পরিচালক/সহকারী পরিচালক (সিসি) এবং বেসরকারি সংস্থা, মেডিক্যাল কলেজ হাসপাতাল ও জাতীয় পর্যায়ের সেবাকেন্দ্রের ক্ষেত্রে কেন্দ্রপ্রধান।